

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ২৯

খেলাধুলা শিক্ষার্থীদের লেখাপড়ায় উৎসাহ দেয়
-মুক্তাগাছায় সংস্কৃতি প্রতিমন্ত্রী

ময়মনসিংহ (২৯ জানুয়ারি, ২০২৩ খ্রি.):

সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি বলেছেন, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাসহ ক্রীড়া অনুষ্ঠানসমূহের মাধ্যমে শিক্ষার্থীরা নানারকম খেলাধুলায় অংশগ্রহণ করে। এসব খেলাধুলা শিক্ষার্থীদের লেখাপড়ায় আরো উৎসাহ প্রদান করে।

প্রতিমন্ত্রী রবিবার ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলার চেচুয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

প্রধান অতিথি বলেন, মুক্তাগাছার বেশ কয়েকটি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তাদের কাজের মধ্য দিয়ে যে অসাধারণ কালচারাল সৃষ্টি দেখিয়েছেন সেটা নিঃসন্দেহে প্রশংসনীয়। অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীরা যে শারীরিক কসরত, গান-নৃত্য, অভিনয় ইত্যাদি দেখিয়েছে মুক্তাগাছার মধ্যে এই উপস্থাপনা লক্ষণীয়। এ ধরনের উপস্থাপনার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি গভীর সম্মান জানাচ্ছি। প্রতিবছর চেচুয়া বালিকা উচ্চ বিদ্যালয়টিতে ছাত্রছাত্রীর সংখ্যা বাড়ছে। এখানে জায়গার সংকুলানে একটু ঘাটতি রয়েছে। এখানে একটি বিল্ডিং হয়েছে, আরো একটি বিল্ডিং হওয়ার সম্ভাবনা রয়েছে। মাঠের জায়গা একটু বাড়ালে পারলে শিক্ষার্থীদের খেলাধুলায় আরো সুবিধা হবে। এটি আপনাদেরই প্রতিষ্ঠান। প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের স্বার্থে খেলার মাঠ সম্প্রসারণের জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে বিদ্যালয়ের চারপাশে যাদের জমি আছে সহযোগিতার হাত বাড়ানোর জন্য তাদের প্রতি আহ্বান জানাচ্ছি, তবেই এটা বাস্তবায়ন সম্ভব। আজকের এই বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সফলতা কামনা করেন তিনি।

মুক্তাগাছা উপজেলার চেচুয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আমজাদ আলী এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন মুক্তাগাছার উপজেলা নির্বাহী অফিসার এ.কে.এম লুৎফর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আলহাজ্ব মোঃ আরব আলী, মহিলা ভাইস চেয়ারম্যান মুর্শিদা আক্তার কাকলী, ১নং দুলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হোসেন আলী হসি, প্রমুখ। অনুষ্ঠানটির উদ্বোধক ছিলেন মুক্তাগাছা পৌরসভার মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ বিল্লাল হোসেন সরকার।

এছাড়াও সকালে মুক্তাগাছার আব্বাসিয়া কামিল মাদ্রাসায় আরো একটি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিমন্ত্রী।

#

মনির/রিদওয়ান/ফয়সাল/সজিব/পিয়র/২০২৩/১৬.৩০ ঘণ্টা